# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৬৮. কোন কিছু করার স্থির সিদ্ধান্ত নিন ও পরে তা করুন

এ পুস্তকে আমি কুরআনের যেসব আয়াত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই-এর হাদীস, কবিতার পঙক্তি, গল্প ও জ্ঞানীদের কথা, বাণী ও প্রবাদ-প্রবচন লিখেছি এসব কিছুই আপনাকে এমন এক জীবন শুরু করতে আহবান করে, যা শুভ ও কল্যাণধন্য সমাপ্তির আশায় ভরা। যা হোক সত্যিকার স্থির সঙ্কল্প, দৃঢ় সঙ্কল্প এবং জিনিসকে দুঃখ, দুশ্চিন্তা ও স্নায়বিকতা বা ভয়ভীতি থেকে মুক্ত করার একনিষ্ঠ ইচ্ছা ছাড়া আপনি এ পুস্তক থেকে উপকৃত হতে পারবেন না এবং আপনি একথা মনে রাখলে ভালো করবেন যে, আল্লাহ সেসব নবীদেরকে আলাদা মর্যাদা দান করেছেন যাদের দৃঢ় ইচ্ছা শক্তি ছিল।

“অতএব (মুহাম্মদ!) আপনি তেমনি ধৈর্য ধরুন যেমন নাকি দৃঢ়-সঙ্কল্প নবী-রাসূলগণ ধৈর্য ধরেছেন।” (৪৬-সূরা আল আহকাফঃ আয়াত-৩৫)

আদম (আঃ) তাদের অন্তর্ভুক্ত ছিলেন না।

“কিন্তু সে ভুলে গেল এবং আমি তার কোন দৃঢ়-সঙ্কল্প পেলাম না।” (২০-সূরা ত্ব-হা আয়াত-১১৫)

এবং তার সন্তানদের ঘটনাও অনুরূপ। পিতার অনুকরণ করা অন্যায় নয়। কিন্তু একপক্ষে পাপ করে অপরপক্ষে তওবা না করে তাকে অনুকরণ করা কারো উচিত নয়। আর একমাত্র আল্লাহই আমাদেরকে সাহায্য করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7776

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন